Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.ssd.gov.bd

মুজিব ১০০

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.৩৪.০০১.২২.৪৭

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৯
০১ মার্চ ২০২৩

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে, গত ৭ ফেব্রুয়ারি, ২০২৩ তারিখ সকাল ১০.০০ টায় সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সভাপতিত্বে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ১৯৭১ সালের ৭ই মার্চে প্রদত্ত ভাষণের দিনটিকে 'ঐতিহাসিক ৭ই মার্চ হিসেবে এবং দিবসটিকে 'ক' শ্রেণিভুক্ত দিবস হিসেবে উদযাপনের নিমিত্তে স্টিয়ারিং কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত : সভার কার্যবিবরণী

১-৩-২০২৩
মোঃ আবদুল কাদির
যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: +৮৮০-২-৪৭১২৪৩৫৯
ফ্যাক্স: ৯৫৭৪৪৯৯
ইমেইল: admin3@ssd.gov.bd

১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.৩৪.০০১.২২.৪৭/১(২)

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৯
০১ মার্চ ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

১-৩-২০২৩
মোঃ আবদুল কাদির
যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং ৫৮.০৪.০০০০.০২১.০৩.০০১.২২- ২৭৭

তারিখঃ ১৭ ফাল্গুন ১৪২৯
০২ মার্চ ২০২৩

স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ, প্রশাসন-৩ শাখার স্মারক নম্বর-৫৮.০০.০০০০.০১৪.৩৪.০০১.২২.৪৭ তারিখ ০১-০৩-২০২৩ এর অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। প্রকল্প পরিচালক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
২। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর (মেইলযোগে)।
আপনার অধীনস্থ কারাগারসমূহে অনুলিপি প্রেরণ পূর্বক বর্ণিত নির্দেশনা মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো।
৩। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ একাডেমী, রাজশাহী।
৪। সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার (মেইলযোগে)।
৫। সহকারী কারা মহাপরিদর্শক, সকল, কারা অধিদপ্তর, ঢাকা।
৬। পরিচালক, কারা প্রশিক্ষণ ইন্সটিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা।
৭। প্রশাসনিক কর্মকর্তা-১ ও ২/স্টাফ অফিসার/বাজেট অফিসার/ডেপুটি জেলার (প্রশাসন ও উন্নয়ন)/পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা।
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কারা প্রশিক্ষণ ইন্সটিটিউট/প্রিজন ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
১০। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
১১। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এবং কারা উপ-মহাপরিদর্শক (সঃদঃ) মহোদয়ের সদয় অবগতির জন্য।
১২। ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।

02/03/23
মোঃ মাইন উদ্দিন ভূইয়া
বিজে-০১৮৫১২০০৫৪১
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন)
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোন-৫৭৩০০৪৬৬ (দপ্তর)
aig.adm@prison.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

## 'ঐতিহাসিক ৭ই মার্চ দিবস' ২০২৩ উদ্‌যাপনের স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আবুল মনসুর |
| | : | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ৭ ফেব্রুয়ারি ২০২৩ সকাল ১০.০০টা |
| সভার স্থান | : | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ এবং অনলাইন (Zoom ID: ৯২৫ ৬৯৩ ৬২৫১, Pass Code: 1234) |
| | : | (ভবন নং-৬, ১১তলা, বাংলাদেশ সচিবালয়,ঢাকা)- |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি উপস্থিত সকলকে অবহিত করেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ১৯৭১ সালের ৭ই মার্চে প্রদত্ত ভাষণের দিনটিকে 'ঐতিহাসিক ৭ই মার্চ হিসেবে এবং দিবসটিকে 'ক' শ্রেণিভুক্ত দিবস হিসেবে ঘোষণা করে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গত ১৫ অক্টোবর ২০২০ তারিখে পরিপত্র জারি করা হয়েছে। পরিপত্রে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় দিবসটি উদ্‌যাপনের উদ্যোক্তা মন্ত্রণালয় হিসেবে দায়িত্ব প্রদান করা হয়েছে। বিষয়ভিত্তিক বন্টনের আওতায় প্রত্যক্ষ সংশ্লিষ্টতা থাকার পরিপ্রেক্ষিতে দিবসটি উদ্‌যাপনে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়কে সরাসরিভাবে সম্পৃক্ত এবং দিবসটির ঐতিহাসিক গুরুত্ব ও সচেতনতা আগামী প্রজন্মের মধ্যে যথাযথভাবে সঞ্চারণের লক্ষ্যে উক্ত কর্মকাণ্ডে শিক্ষা মন্ত্রণালয়কে সংযুক্ত করা হয়েছে। তিনি উপসচিব (অনুষ্ঠান)-কে সভার কার্যপত্র উপস্থাপনের অনুরোধ করেন। উপসচিব (অনুষ্ঠান) পর্যায়ক্রমে সভার কার্যপত্র উপস্থাপন করেন।

০২. সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা/বিভাগ |
|---|---|---|
| ২.১ | 'ঐতিহাসিক ৭ই মার্চ দিবস' ২০২৩ তারিখ প্রভাতে ধানমন্ডির ৩২নং সড়কের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন। অবকাঠামোগত উন্নয়নের কাজ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং ডেকোরেশন, পরিস্কার পরিচ্ছন্নতা ও অন্যান্য কাজ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন করবে। | মন্ত্রিপরিষদ বিভাগ, সকল মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা মেট্রোপলিটন পুলিশ এবং বঙ্গবন্ধু শেখ মুজিব স্মৃতি জাদুঘর |
| ২.২ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিতে গত ১৪ ডিসেম্বর ২০২২ তারিখে 'ঐতিহাসিক ৭ই মার্চ দিবস' ২০২৩ উদ্‌যাপন অনুষ্ঠান বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং মাননীয় প্রধানমন্ত্রীর সদয় সম্মতির জন্য সার-সংক্ষেপে প্রেরণ করা হয়। অনুষ্ঠান আয়োজনের সময় মাননীয় প্রধানমন্ত্রী রাষ্ট্রীয়কাজে দেশের বাইরে অবস্থান করার কারণে উপস্থিত থাকতে পারবেন না। তৎপ্রেক্ষিতে 'ঐতিহাসিক ৭ই মার্চ দিবস' ২০২৩ উদ্‌যাপন অনুষ্ঠান বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের পরিবর্তে ওসমানী স্মৃতি মিলনায়তনে আগামী ৭ মার্চ ২০২৩ তারিখ সকাল ১১.০০টায় আয়োজন করা হবে। উক্ত অনুষ্ঠানে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী প্রধান অতিথি হিসেবে এবং | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, শিশু একাডেমি, বাংলা একাডেমি, বাংলাদেশ জাতীয় জাদুঘর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

## 'ঐতিহাসিক ৭ই মার্চ দিবস' ২০২৩ উদ্‌যাপনের স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আবুল মনসুর |
| | : | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ৭ ফেব্রুয়ারি ২০২৩ সকাল ১০.০০টা |
| সভার স্থান | : | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ এবং অনলাইন (Zoom ID: ৯২৫ ৬৯৩ ৬২৫১, Pass Code: 1234) |
| | : | (ভবন নং-৬, ১১তলা, বাংলাদেশ সচিবালয়,ঢাকা) |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি উপস্থিত সকলকে অবহিত করেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ১৯৭১ সালের ৭ই মার্চে প্রদত্ত ভাষণের দিনটিকে 'ঐতিহাসিক ৭ই মার্চ হিসেবে এবং দিবসটিকে 'ক' শ্রেণিভুক্ত দিবস হিসেবে ঘোষণা করে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গত ১৫ অক্টোবর ২০২০ তারিখে পরিপত্র জারি করা হয়েছে। পরিপত্রে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় দিবসটি উদ্‌যাপনের উদ্যোক্তা মন্ত্রণালয় হিসেবে দায়িত্ব প্রদান করা হয়েছে। বিষয়ভিত্তিক বন্টনের আওতায় প্রত্যক্ষ সংশ্লিষ্টতা থাকার পরিপ্রেক্ষিতে দিবসটি উদ্‌যাপনে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়কে সরাসরিভাবে সম্পৃক্ত এবং দিবসটির ঐতিহাসিক গুরুত্ব ও সচেতনতা আগামী প্রজন্মের মধ্যে যথাযথভাবে সঞ্চারণের লক্ষ্যে উক্ত কর্মকান্ডে শিক্ষা মন্ত্রণালয়কে সংযুক্ত করা হয়েছে। তিনি উপসচিব (অনুষ্ঠান)-কে সভার কার্যপত্র উপস্থাপনের অনুরোধ করেন। উপসচিব (অনুষ্ঠান) পর্যায়ক্রমে সভার কার্যপত্র উপস্থাপন করেন।

০২. সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা/বিভাগ |
|---|---|---|
| ২.১ | 'ঐতিহাসিক ৭ই মার্চ দিবস' ২০২৩ তারিখ প্রভাতে ধানমন্ডির ৩২নং সড়কের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন। অবকাঠামোগত উন্নয়নের কাজ গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় এবং ডেকোরেশন, পরিস্কার পরিচ্ছন্নতা ও অন্যান্য কাজ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন করবে। | মন্ত্রিপরিষদ বিভাগ, সকল মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা মেট্রোপলিটন পুলিশ এবং বঙ্গবন্ধু শেখ মুজিব স্মৃতি জাদুঘর |
| ২.২ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে গত ১৪ ডিসেম্বর ২০২২ তারিখে 'ঐতিহাসিক ৭ই মার্চ দিবস' ২০২৩ উদ্‌যাপন অনুষ্ঠান বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং মাননীয় প্রধানমন্ত্রীর সদয় সম্মতির জন্য সার-সংক্ষেপে প্রেরণ করা হয়। অনুষ্ঠান আয়োজনের সময় মাননীয় প্রধানমন্ত্রী রাষ্ট্রীয়কাজে দেশের বাইরে অবস্থান করার কারণে উপস্থিত থাকতে পারবেন না। তৎপ্রেক্ষিতে 'ঐতিহাসিক ৭ই মার্চ দিবস' ২০২৩ উদ্‌যাপন অনুষ্ঠান বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের পরিবর্তে ওসমানী স্মৃতি মিলনায়তনে আগামী ৭ মার্চ ২০২৩ তারিখ সকাল ১১.০০টায় আয়োজন করা হবে। উক্ত অনুষ্ঠানে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী প্রধান অতিথি হিসেবে এবং | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, শিশু একাডেমি, বাংলা একাডেমি, বাংলাদেশ জাতীয় জাদুঘর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা/বিভাগ |
|---|---|---|
| | শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির মাননীয় সভাপতি, মন্ত্রিপরিষদ সচিব বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।<br>• উদ্বোধনী অনুষ্ঠানে বিশিষ্ট শিল্পী ও শিশু-কিশোরদের সমন্বয়ে ৩০ মিনিটের একটি সাংস্কৃতিক পর্ব থাকবে;<br>• অনুষ্ঠান প্রাঙ্গনে বঙ্গবন্ধুর জীবন ও কর্ম নিয়ে চিত্র প্রদর্শনী আয়োজন; এবং<br>• অনুষ্ঠান প্রাঙ্গনে বঙ্গবন্ধুকে নিয়ে লেখা বিভিন্ন পুস্তক প্রদর্শনীর আয়োজন। | গণপূর্ত অধিদপ্তর, বাংলাদেশ টেলিভিশন এবং বাংলাদেশ বেতার। |
| ২.৩ | সকল সরকারি ও বেসরকারি টেলিভিশন, রেডিও চ্যানেল এবং কমিউনিটি রেডিওসমূহ 'ঐতিহাসিক ৭ই মার্চ দিবস' ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে বিভিন্ন অনুষ্ঠানমালা প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর, বিটিভি, বাংলাদেশ বেতার, সকল বেসরকারি টেলিভিশন চ্যানেল, বেতার এবং কমিউনিটি রেডিও। |
| ২.৪ | 'ঐতিহাসিক ৭ই মার্চ দিবস' ২০২৩ উপলক্ষ্যে জাতীয় দৈনিক পত্রিকা ও সাময়িকীতে বিশেষ ক্রোড়পত্র প্রকাশ করতে হবে। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |
| ২.৫ | যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের স্বাস্থ্য রক্ষায় শূন্য ঝুঁকি নিশ্চিত করে স্ব-স্ব কর্মসূচি প্রণয়নপূর্বক দিবসটি উদ্‌যাপনের ব্যবস্থা গ্রহণ করবে। বেসরকারি বিশ্ববিদ্যালয়, ইংলিশ মিডিয়াম স্কুল ও মাদ্রাসাসমূহও যাতে যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদ্‌যাপন করে সে বিষয়ে বিশেষভাবে তত্ত্বাবধান করতে হবে। এ বিষয়ে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। | মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ<br>মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ<br>প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়<br>বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং অন্যান্য সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা। |
| ২.৬ | জাতীয় অনুষ্ঠানের সাথে সংগতি রেখে সকল সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা প্রশাসন, জেলা পরিষদ, উপজেলা প্রশাসন ও ইউনিয়ন পরিষদসমূহে যথাযোগ্য মর্যাদায় 'ঐতিহাসিক ৭ই মার্চ দিবস' ২০২৩ উদ্‌যাপন করবে। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ ও স্থানীয় সরকার বিভাগ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। | মন্ত্রিপরিষদ বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, কমিশনার (সকল বিভাগ), জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল এবং মুক্তিযুদ্ধ জাদুঘর। |
| ২.৭ | 'ঐতিহাসিক ৭ই মার্চ দিবস' ২০২৩ উদ্‌যাপন উপলক্ষে ঢাকা শহরের নিম্নোক্ত সড়ক দ্বীপসমূহ এবং অন্যান্য গুরুত্বপূর্ণ সুবিধাজনক স্থানসমূহে ফেস্টুন দ্বারা সজ্জিত করতে হবে: | |
| | হোটেল সোনারগাঁও এবং হোটেল ইন্টারকন্টিনেন্টাল-এর সম্মুখস্থ সড়ক দ্বীপ, হযরত শাহ্‌জালাল আন্তর্জাতিক বিমান বন্দরের সড়ক দ্বীপসমূহ | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় |
| | শিক্ষা ভবন থেকে পররাষ্ট্র মন্ত্রণালয় পর্যন্ত সড়ক দ্বীপসমূহ, সচিবালয়সহ জিপিও মোড় ও বায়তুল মোকাররম উত্তর গেইট | গণপূর্ত অধিদপ্তর, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় |
| | প্রধানমন্ত্রীর কার্যালয়ের সম্মুখস্থ সড়ক দ্বীপ, বিজয় স্মরণী | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় |
| | শাপলা চত্বর, মতিঝিল, ছাত্র-শিক্ষক কেন্দ্র ও কার্জন হল সম্মুখস্থ সড়ক দ্বীপসমূহ, বাংলাদেশ জাতীয় জাদুঘর থেকে বাংলাদেশ সুপ্রীম কোর্টের | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা/বিভাগ |
|---|---|---|
| | সম্মুখের সড়ক দ্বীপসমূহ, রাসেল স্কয়ার, মিরপুর রোড | স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় |
| | শাহবাগ থেকে এয়ারপোর্ট পর্যন্ত সকল ফ্লাইওভার এবং ফুটওভার ব্রিজসমূহ | ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় |
| | বাংলাদেশ জাতীয় জাদুঘরের সম্মুখস্থল | বাংলাদেশ জাতীয় জাদুঘর, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| | মেট্রোরেলের দিয়াবাড়ি, পল্লবী ও আগারগাঁও স্টেশন | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় |
| ২.৮ | ঢাকাসহ সকল জেলা ও উপজেলায় জেলা প্রশাসন ও জেলা শিল্পকলা একাডেমির মাধ্যমে 'ঐতিহাসিক ৭ই মার্চ দিবস' ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে নিম্নোক্ত অনুষ্ঠানসমূহ আয়োজন করা যেতে পারে:<br>• শিশু-কিশোরসহ দেশের বিশিষ্ট আবৃত্তিকারগণের অংশগ্রহণে আবৃত্তি অনুষ্ঠান আয়োজন;<br>• বিশিষ্ট সংগীত শিল্পী, নৃত্যশিল্পীগণের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন;<br>• বঙ্গবন্ধুর কর্মময় জীবন নিয়ে নাটক মঞ্চায়ন;<br>• বঙ্গবন্ধুকে নিয়ে ডকুমেন্টারি প্রদর্শনী;<br>• চলচ্চিত্র প্রদর্শনী;<br>• আলোকচিত্র প্রদর্শনী;<br>• স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে সকল জেলায় বিভিন্ন প্রতিযোগিতা আয়োজন (বঙ্গবন্ধুর ভাষণ, আবৃত্তি, চিত্রাঙ্কন, সংগীত ও নৃত্য);<br>• স্কুল পর্যায়ে অসমাপ্ত আত্মজীবনী বইয়ের উপর কুইজ, রচনা এবং উপস্থিত বক্তৃতার আয়োজন; এবং<br>• কলেজ পর্যায়ে কারাগারের রোজনামচা, আমার দেখা নয়া চীন এবং Secret Documents of Intelligence Branch on Father of the Nation, Bangladesh Bangabandhu Sheikh Mujibur Rahman 1948-1971 Declassified Documents বইয়ের উপর কুইজ, রচনা এবং উপস্থিত বক্তৃতার আয়োজন। | মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ শিশু একাডেমি, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, কমিশনার (সকল বিভাগ), জেলা প্রশাসক (সকল জেলা), উপজেলা নির্বাহী অফিসার (সকল), বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং জেলা শিল্পকলা একাডেমি (সকল)। |
| ২.৯ | ফ্ল্যাগ রুলস অনুসারে ঐতিহাসিক ৭ই মার্চে জাতীয় পতাকা উত্তোলন বিষয়ে নির্দেশনা সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ করা হবে।<br>সকল সরকারি প্রতিষ্ঠান, আধাসরকারি প্রতিষ্ঠান, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান সূর্যোদয়ের সাথে সাথে এবং শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক জাতীয় পতাকা উত্তোলন করবে। | মন্ত্রিপরিষদ বিভাগ, সকল মন্ত্রণালয় এবং সকল বিভাগ |
| ২.১০ | চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর (ডিএফপি) 'ঐতিহাসিক ৭ই মার্চ দিবস' ২০২৩ উপলক্ষ্যে পোস্টার মুদ্রণ করবে। বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহ ও বাংলাদেশে অবস্থিত বৈদেশিক দূতাবাসসমূহে প্রচারের জন্য ইংরেজি ভাষায় মুদ্রণ করতে হবে। গণযোগাযোগ অধিদপ্তর এ সকল | মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর (ডিএফপি), গণযোগাযোগ |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা/বিভাগ |
|---|---|---|
| | পোস্টার সংশ্লিষ্ট সকলের মাঝে বিতরণের ব্যবস্থা গ্রহণ করবে। ০৭ মার্চ ২০২৩ তারিখের অন্তত: ৩০ দিন পূর্বে বিদেশে বাংলাদেশ মিশনসমূহে পোস্টার পৌছানোর লক্ষ্যে মুদ্রিত পোস্টার পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। পররাষ্ট্র মন্ত্রণালয় বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহ ও বাংলাদেশে অবস্থিত বৈদেশিক দূতাবাসসমূহে বিতরণের ব্যবস্থা গ্রহণ করবে। ডিএফপি মুদ্রিত পোস্টার যথাসময়ে জেলা প্রশাসকের নিকট প্রেরণ করতে হবে। পোস্টারের ডিজাইন করার ক্ষেত্রে ডিএফপি শিল্পকলা একাডেমির সহযোগিতা নিতে পারে। এছাড়াও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ইলেকট্রনিক পোস্টার মুদ্রণ করতে হবে। | অধিদপ্তর, জেলা প্রশাসক (সকল), বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং চলচ্চিত্র প্রকাশনা অধিদপ্তর। |
| ২.১১ | জাতীয় অনুষ্ঠানের সাথে সংগতি রেখে জেলা/উপজেলা পর্যায়ের যুব সমাজকে সম্পৃক্ত করে 'ঐতিহাসিক ৭ই মার্চ দিবস' ২০২৩ উদ্‌যাপন। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |
| ২.১২ | 'ঐতিহাসিক ৭ই মার্চ দিবস' ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে দেশ ব্যাপী শিশুদের নিয়ে চিত্রাংকন প্রতিযোগিতা, বঙ্গবন্ধুর ভাষণ প্রতিযোগিতা, ছড়া পাঠ, কবিতা পাঠ ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করতে হবে। মাঠ প্রশাসনে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ এই অনুষ্ঠানসমূহ সমন্বয় করবেন। | মন্ত্রিপরিষদ বিভাগ, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ শিশু একাডেমি, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, জেলা প্রশাসক (সকল) এবং উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ২.১৩ | ওসমানী স্মৃতি মিলনায়তন অনুষ্ঠানস্থলে এবং দেশব্যাপী আয়োজিতব্য অনুষ্ঠানস্থলে নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে। | জননিরাপত্তা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, ঢাকা মেট্রোপলিটন পুলিশ এবং র‌্যাব। |
| ২.১৪ | ওসমানী স্মৃতি মিলনায়তন অনুষ্ঠানস্থলে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করতে হবে এবং সার্বক্ষনিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে। বিকল্প ব্যবস্থা হিসেবে প্রয়োজনীয় সংখ্যক জেনারেটরের ব্যবস্থা রাখতে হবে। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোঃ (ডিপিডিসি), পিডিবি, গণপূর্ত অধিদপ্তর, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় এবং বিদ্যুৎ বিভাগ। |
| ২.১৫ | ওসমানী স্মৃতি মিলনায়তন এলাকার আশে পাশে ধুলাবালি রোধকল্পে সংশ্লিষ্ট এলাকায় পানি ছিটানোর ব্যবস্থা করতে হবে। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং ঢাকা ওয়াসা। |
| ২.১৬ | 'ঐতিহাসিক ৭ই মার্চ দিবস' ২০২৩ উদ্‌যাপনের জন্য জেলা ও উপজেলা পর্যায়ে মন্ত্রণালয় হতে অর্থ বরাদ্দ প্রদান করা হবে তবে মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ নিজ নিজ বাজেট থেকে ব্যয় নির্বাহ করবে। | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট সংস্থা। |
| ২.১৭ | 'ঐতিহাসিক ৭ই মার্চ দিবস' ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে সরকারি বেসরকারি টেলিভিশন চ্যানেলে টকশো আয়োজন করবে। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, তথ্য অধিদফতর, বাংলাদেশ টেলিভিশন এবং অ্যাসোসিয়েশন অব টিভি চ্যানেল ওনার্স (এটকো)। |
| ২.১৮ | ০১ মার্চ থেকে ০৭ মার্চ ২০২৩ পর্যন্ত সকল সরকারি/বেসরকারি রেডিও এবং টেলিভিশন চ্যানেলে ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ প্রচার করতে হবে। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, তথ্য অধিদফতর, বাংলাদেশ টেলিভিশন, অ্যাসোসিয়েশন অব টিভি চ্যানেল ওনার্স (এটকো), সরকারি/বেসরকারি রেডিও। |
| ২.১৯ | ০১ মার্চ থেকে ০৭ মার্চ ২০২৩ পর্যন্ত ঐতিহাসিক ৭ই মার্চ ভাষণের একটি নির্দিষ্ট অংশ দেশের সকল মোবাইল অপারেটর গ্রাহকের ফোনে রিং টোন হিসেবে ব্যবহারের ব্যবস্থা করতে হবে। | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |

০৩. সভায় অন্য কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি 'ঐতিহাসিক ৭ই মার্চ দিবস' ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনে সংশ্লিষ্ট সকলের ঐকান্তিক সহযোগিতা প্রত্যাশা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

22.2.2023

সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.১২৪.২৩.১৮৭.২২ . ১৪৭)    তারিখ: ১০ ফাল্গুন ১৪২৯ / ২৩ ফেব্রুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

২. সিনিয়র সচিব/ সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ/ জননিরাপত্তা বিভাগ/ পররাষ্ট্র মন্ত্রণালয়/ জনপ্রশাসন মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ/ স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা বিভাগ/ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/ মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ/ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়/ সুরক্ষা ও সেবা বিভাগ/ বিদ্যুৎ বিভাগ/ গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়/ ডাক ও টেলিযোগাযোগ বিভাগ/ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়/ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ/ সমাজকল্যাণ মন্ত্রণালয়/যুব ও ক্রীড়া মন্ত্রণালয়/বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়/মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা

৩. সিনিয়র সচিব/ সচিব ..........................................................................;

৪. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা;

৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা;

৬. মহাপরিচালক, র‌্যাব/ প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর/ জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর/ বর্ডার গার্ড/ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী/ বাংলাদেশ কোস্টগার্ড, ঢাকা;

৭. পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা;

৮. চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা;

৯. ভাইস চ্যান্সেলর, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা;

১০. কিউরেটর, বঙ্গবন্ধু শেখ মুজিব স্মৃতি জাদুঘর, ধানমন্ডি, ঢাকা;

১১. কমিশনার (সকল বিভাগ);

১২. অতিরিক্ত সচিব (অনুষ্ঠান উইং), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

১৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন;

১৪. অতিরিক্ত আইজিপি, স্পেশাল ব্রাঞ্চ, মালিবাগ, ঢাকা;

১৫. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা;

১৬. মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল,স্কাউট ভবন,কাকরাইল, ঢাকা;

১৭. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি/বাংলা একাডেমি/বাংলাদেশ জাতীয় জাদুঘর/আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর/ বাংলাদেশ শিশু একাডেমি/বাংলাদেশ বেতার/বাংলাদেশ টেলিভিশন/ চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর/ গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা;

১৮. ব্যবস্থাপনা পরিচালক/চেয়ারম্যান, বাংলাদেশ সংবাদ সংস্থা/ বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট/ডিপিডিসি/পিডিবি/ওয়াসা, ঢাকা;

১৯. জনাব মফিদুল হক, ট্রাস্টি, মুক্তিযুদ্ধ জাদুঘর, ঢাকা;

২০. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর, ঢাকা;

২১. জেলা প্রশাসক.................................;

২২. পুলিশ সুপার.........................................;

২৩. প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল;

২৪. উপজেলা নির্বাহী অফিসার.................................; এবং

২৫. 'ঐতিহাসিক ৭ই মার্চ দিবস' ২০২৩ উদযাপন সংক্রান্ত সকল উপ কমিটির আহ্বায়ক।

২৩.০২.২০২৩

(বাবুল মিয়া)
উপসচিব
ফোন: ৫৫১০১১৬৫
ই-মেইল: cultural_pro@yahoo.com

**জ্ঞাতার্থে এবং কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য);
২. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩. সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ); এবং
৪. অফিস কপি।